



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১



Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১১১১১১১/ গাইবান্ধা-৭০/১১৮৮

তারিখ: ১৮.০৮.২০২০খ্রি.

বিষয়: তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১১১১১১১/ গাইবান্ধা-৭০/১১০৫/৪; তারিখ: ১৯/০৯/২০১৯খ্রি.
২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং- ০৫.৫৫.৩২৩০.০২.০০৪.০০৩.১৯-৯৩২/১(১); তারিখ: ২৫/১১/২০১৯ খ্রি.
৩) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১১১১১১১/ গাইবান্ধা-৭০/১১৪৫/৪; তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসার সভাপতি জনাব মো: তৌহিদুল ইসলাম শাহিনের বিরুদ্ধে ছাত্র-ছাত্রী ও অভিভাবক সদস্যগণের পক্ষ থেকে জনাব মো: শহিদুজ্জামান প্রধান (শহীদ) অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, জনাব মো: তৌহিদুল ইসলাম শাহিন শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসায় ২০০৯ সাল থেকে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। সভাপতি ও সুপার কমিটি সংক্রান্ত বিষয়ে কোন ধরনের প্রচার-প্রচারণা ছাড়া গোপনে অত্যন্ত সু-কৌশলে কমিটি গঠন করে বোর্ড থেকে অনুমোদন নিয়েছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা-কে পত্র দেয়া হয়।

তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে তদন্তপূর্বক মতামত প্রদান করেন। প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, অধ্যক্ষ কমিটি গঠনে ডুয়া ও জাল কাগজপত্র প্রস্তুত করে মাদ্রাসা বোর্ড হতে কমিটির অনুমোদন নিয়েছেন মর্মে প্রতীয়মান হওয়ায় অধ্যক্ষের বিরুদ্ধে কেন এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত জবাব দাখিল করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র দেয়া হয়।

পরবর্তীতে মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: মিনহাজ উদ্দিন উচ্চতর তদন্তের জন্য পুনরায় আবেদন করেছেন। তিনি উল্লেখ করেন- তার বিরুদ্ধে স্থানীয় কিছু স্বার্থান্বেষী ব্যক্তি এমপি মহোদয়কে ভুল বুদ্ধিতে নির্বাচিত ও অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়ার জন্য বোর্ডে অভিযোগ করেছেন। এমনকি তদন্তকারী কর্মকর্তাকে ভয়-ভীতি প্রদর্শন করা হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা একতরফাভাবে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (.....) পাতা।

(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: জেলা প্রশাসক
গাইবান্ধা

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১১১১১১১/ গাইবান্ধা-৭০/১১৮৮

তারিখ: ১৮.০৮.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪;
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৫. সভাপতি/কমিটির সদস্যবৃন্দ, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা, ডাকঘর: কোচাশহর, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা;
৬. অধ্যক্ষ, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা, ডাকঘর: কোচাশহর, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা;
৭. জনাব মো: শহিদুজ্জামান প্রধান শহীদ (অভিযোগকারী), গ্রাম: পাড়া কচুয়া, ডাকঘর: কোচাশহর, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা;
৮. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪